

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৩৫৪(আগরতলা ১৪।১০)

আগরতলা, ১৪ অক্টোবর, ২০২৩

রাজ্য সরকার চায় সব অংশের মানুষের মুখে হাসি ফুটুক : মুখ্যমন্ত্রী

রক্তদান ও বঙ্গদান দুটোই মহতি উদ্যোগ। রাজ্য সরকার চায় সব অংশের মানুষের মুখে হাসি ফুটুক। এই সরকার আমার সরকার এই ভাবনাকে সৃষ্টি করতে চাই আমরা। আজ টাউন প্রতাপগড়স্থিত শ্রী শ্রী রামচন্দ্রদেবের সমবেত উৎসব মন্দির কমিটির উদ্যোগে আশ্রম প্রাঙ্গণে আসন্ন দুর্গাপূজা উপলক্ষে রক্তদান উৎসব ও বঙ্গ বিতরণ অনুষ্ঠানের উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, বর্তমান সরকার গরিব মানুষদের ভাতা ৭০০ টাকা থেকে পর্যায়ক্রমে বাড়িয়ে ২ হাজার টাকা করেছে। শিক্ষা, স্বাস্থ্য সব দিক থেকে এগিয়ে যাবার চেষ্টা করা হচ্ছে। মুখ্যমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দেশের গরিবদের কল্যাণে আয়ুষ্মান ভারত জন আরোগ্য যোজনা নামে বৃহত্তর যোজনা চালু করেছেন। সেই যোজনার মতো রাজ্যেও মুখ্যমন্ত্রী জন আরোগ্য যোজনা চালু করা হয়েছে। প্রধানমন্ত্রী গরিবদের জন্য চিন্তাভাবনা করছেন। আমরা চাই এক ত্রিপুরা শ্রেষ্ঠ ত্রিপুরা গড়ে তুলতে।

অনুষ্ঠানে এছাড়াও বক্তব্য রাখেন বিশিষ্ট সমাজসেবী রাজীব ভট্টাচার্য, মন্দির কমিটির সহ সভাপতি অসীম সাহা। এছাড়াও উপস্থিত ছিলেন স্থানীয় কর্পোরেটর অঞ্জনা দাস। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী দুঃস্থদের মধ্যে বঙ্গ বিতরণ করেন এবং রক্তদান শিবিরে রক্তদাতাদের সাথে কথা বলে তাদের উৎসাহিত করেন।
